


ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ নোভাম্বের ১৪৪ ধারার আদেশ জারির বিজ্ঞপ্তি

যেহেতু ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ হতে ফায়িল (স্নাতক) ১ম, ২য় ও ৩য় বর্ষের পরীক্ষা কুড়িগ্রাম আলিয়া কামিল মাদরাসা, কুড়িগ্রাম পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে।

যেহেতু আমার নিকট প্রতীয়মান হচ্ছে যে, উক্ত পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরিচালনার লক্ষ্যে পরীক্ষা চলাকালে বহিরাগতদের বেআইনি অনুপ্রবেশ কিংবা বিধি বহির্ভূত কোন কারণে গোলযোগ বা বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে এবং পরীক্ষাকেন্দ্রে আইন-শৃঙ্খলার অবনতির আশংকা রয়েছে সেহেতু উক্ত গোলযোগ বা বিশৃঙ্খলা প্রতিরোধকল্পে পূর্বেই সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

সেহেতু পরীক্ষাকেন্দ্রে শান্তি-শৃঙ্খলা রক্ষা ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আমি উত্তম কুমার রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম “ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮” এর ১৪৪ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে পরীক্ষা গ্রহণের ৩০ মিনিট পূর্ব হতে পরীক্ষা গ্রহণ কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বর্ণিত পরীক্ষাকেন্দ্রের ২০০ (দুইশত) গজ ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী, পরীক্ষা গ্রহণকারী শিক্ষক, পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, পরিদর্শকদলের সদস্য ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ ব্যতীত অন্য কোন অননুমোদিত ব্যক্তি/ব্যক্তিবর্গের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করলাম। পরীক্ষা চলাকালে পরীক্ষাকেন্দ্রের ৪০০ (চারশত) গজ ব্যাসার্ধের মধ্যে কোন প্রকার মিছিল, সভা ও যে কোন প্রকার শব্দ বিবর্ধক যন্ত্র ইত্যাদি বাজানো সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করলাম। উক্ত পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা চলাকালে মোবাইল ফোন ব্যবহার ও বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করলাম (কেন্দ্র সচিব ব্যতীত)। মহাসড়কে চলাচলকারী ব্যক্তি ও যানবাহন এ আদেশের আওতামুক্ত থাকবে। আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার স্বাক্ষরে ও আদালতের সীল মোহরে ২০২৫ সালের জানুয়ারি মাসের ১৩ তারিখে এ আদেশ জারি করা হলো।



(উত্তম কুমার রায়)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
ফোন: ০২৫৮৯৯-৫০০৩২

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৫.১৮.০১৯.২৪- ৫০

তারিখ: ২৯ পৌষ ১৪৩১
১৬ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
- ০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম (১৪৪ ধারার আদেশটি বলবৎ করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), কুড়িগ্রাম
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
- ০৫। সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
- ০৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (আদেশটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। অধ্যক্ষ, কুড়িগ্রাম আলিয়া কামিল মাদরাসা, কুড়িগ্রাম (পরীক্ষাকেন্দ্রের প্রবেশপথে ব্যানারের মাধ্যমে সংক্ষিপ্তভাবে ১৪৪ ধারা জারির বিষয়টি প্রকাশ্যে প্রদর্শনের অনুরোধসহ)
- ০৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম (সংশ্লিষ্ট আদেশটি সর্বসাধারণের উদ্দেশ্যে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৯। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম সদর থানা, কুড়িগ্রাম
- ১০ অফিস কপি


অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
